



## রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা-১০০০।

### গুলশান আবাসিক এলাকায় ফ্ল্যাট বরাদ্দ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "০৯টি পরিত্যক্ত বাড়িতে বহুতল এপার্টমেন্ট ভবন নির্মাণ প্রকল্প" এর আওতাধীন গুলশান আবাসিক এলাকার সিডব্লিউএন (বি) ব্লকের ৩৫নং রাস্তার ০৮নং প্লটের উপর "রূপসা" নামে একটি ভবন নির্মাণ করা হচ্ছে। উল্লিখিত ভবনের কমবেশি ৩,০৯৯ (তিন হাজার নিরানব্বই) বর্গফুট আয়তনের ২৪ (চব্বিশ) টি এবং কমবেশি ৩,০৬৮ (তিন হাজার আটষাট) বর্গফুট আয়তনের ২৪ (চব্বিশ) টি মোট ৪৮ (আটচল্লিশ) টি ফ্ল্যাট বাংলাদেশী নাগরিকদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে। ফ্ল্যাট বরাদ্দের আবেদন ফরম ও প্রসপেক্টাস বাংলাদেশে অবস্থানরত নাগরিকগণ অগ্রণী ব্যাংক পিএলসি, রাজউক ভবন শাখা থেকে "চেয়ারম্যান, রাজউক" (হিসাব নং ০২০০০১৩৮৫২২৭৪) বরাবর ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) (অফেরতযোগ্য) এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ \$৫০ (পঞ্চাশ মার্কিন ডলার) (অফেরতযোগ্য) Wire Transfer এর মাধ্যমে পরিশোধ করে আগামী ১৪.০১.২০২৪ তারিখ হতে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য, জামানত বাবদ টাকা ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ টাকা মাত্র) এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ \$ ২৩,০০০ (তেইশ হাজার মার্কিন ডলার) জমা দিয়ে আগামী ১৩.০২.২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অগ্রণী ব্যাংক পিএলসি, রাজউক ভবন শাখায় আবেদনপত্র দাখিল করতে পারবেন।

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ রাজউক ওয়েবসাইট ([www.rajuk.gov.bd](http://www.rajuk.gov.bd)) হতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করে প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে "চেয়ারম্যান, রাজউক" এর বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র ডাকযোগে প্রেরণ করতে পারবেন। কোনো আবেদন নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে তা বরাদ্দের জন্য বিবেচনা করা হবে না। সেক্ষেত্রে জামানতের টাকা প্রাপকের ব্যাংক হিসাবের মাধ্যমে ফেরৎ প্রদান করা হবে। আবেদনপত্র, প্রসপেক্টাস এবং জামানতের অর্থ বাংলাদেশে অবস্থানরত নাগরিকগণ 'চেয়ারম্যান, রাজউক' (হিসাব নং ০২০০০১৩৮৫২২৭৪) এর অনুকূলে এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ Wire Transfer এর মাধ্যমে Agrani Bank PLC, Foreign Exchange Corporate Branch, 1/B, RAJUK Avenue, Motijheel C/A, Dhaka. Dollar Account No. 003, Swift Code (AGBKBDDHA006)- এ প্রেরণ করতে পারবেন। জমাকৃত সকল ব্যাংক রশিদের মূল কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ৯টি পরিত্যক্ত বাড়িতে বহুতল এপার্টমেন্ট ভবন নির্মাণ প্রকল্পে 'ফ্ল্যাট বরাদ্দ নীতিমালা ২০২২' অনুযায়ী ফ্ল্যাট বরাদ্দ করা হবে। ফ্ল্যাট বরাদ্দ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী ক্রয়কৃত আবেদন ফরম ও প্রসপেক্টাসে পাওয়া যাবে।

  
শামীয়া হোসেন

পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রোটোকল)  
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।